# Omezole Insert Layout

Size : W-88 mm, H-240 mm

## ওমিজল

ওমিপ্রাজল বিপি

### উপাদান
ওমিজল ২০ ক্যাপসুল ঃ প্রতি ক্যাপসুলে আছে ওমিপ্রাজল বিপি ২০ মি.গ্রা. এন্টেরিক কোটেড পিলেট হিসাবে।
ওমিজল ৪০ ক্যাপসুল ঃ প্রতি ক্যাপসুলে আছে ওমিপ্রাজল বিপি ৪০ মি.গ্রা. এন্টেরিক কোটেড পিলেট হিসাবে।

### নির্দেশনা
বিনাইন (মারাত্মক নয় এমন) গ্যাষ্ট্রিক ও ডিওডেনাল আলসার, নন-স্টেরয়ডাল প্রদাহরোধী ওষুধ দ্বারা চিকিৎসার ফলে সৃষ্ট জটিলতা, ইরোসিভ রিফ্লাক্স ইসোফেগাইটিস এবং অত্যধিক গ্যাষ্ট্রিক এসিড নিঃসরণ জনিত জটিলতা যেমন জোলিঞ্জার-এলিসন সিনড্রোম ।

### সেবনবিধি ও মাত্রা

| ওমিজল এর মাত্রা ও সেবনবিধি | | |
|---|---|---|
| নির্দেশনা | মাত্রা | ফ্রিকুয়েন্সি |
| নন-স্টেরয়ডাল সম্পর্কিত ডিওডেনাল বা গ্যাস্ট্রিক আলসার | ২০ মি.গ্রা. | প্রতিদিন একবার করে ৪ সপ্তাহ |
| গ্যাস্ট্রোইসোফেজিয়াল রিফ্লাক্স ডিজিজ | ২০ মি.গ্রা. | প্রতিদিন একবার করে ৪ সপ্তাহ |
| দীর্ঘমেয়াদী ব্যবস্থাপনা এসিড রিফ্লাক্স ডিজিজ | ৪০ মি.গ্রা. | প্রতিদিন একবার করে ৪ সপ্তাহ** |
| গ্যাস্ট্রিক এবং ডিওডেনাল আলসার নিরাময় | ৪০ মি.গ্রা. | প্রতিদিন একবার করে ৪ সপ্তাহ** |

### অনুপযোগিতা এবং সাবধানতা
ওমিজল ব্যবহারে কোন অনুপযোগিতা জানা নেই। যখন গ্যাষ্ট্রিক আলসার ধারণা করা হয় তখন ওমিজল দ্বারা চিকিৎসা শুরু করার পূর্বে ম্যালিগনেন্সি আছে কিনা পরীক্ষা করা উচিৎ কারণ ওমিজল ম্যালিগনেন্সির লক্ষণসমূহ উপসম করতে পারে ফলে ম্যালিগনেন্সি নির্ণয়ে বিঘ্ন ঘটাতে পারে ।

### সতর্কতা
ওমিজল দ্বারা আলসার লক্ষণ সমূহ দূরীভুত হলেও ম্যালিগনেন্সি অনুপস্থিতি সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে না।

### পার্শ্ব-প্রতিক্রিয়া
ওমিজল সু-সহনীয়। মৃদু এবং অস্থায়ী পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে বমি বমি ভাব, ডায়রিয়া, তলপেটে ব্যথা, অস্বস্তিবোধ, মাথা ঝিম ঝিম করা এবং মাথা ব্যথা। এই ক্ষেত্রে সেবন মাত্রা কমানোর প্রয়োজন নেই।

### গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার
অন্য কোন নিরাপদ ওষুধ থাকলে গর্ভাবস্থায় এই ওষুধ পরিহার করা উচিৎ। যদি ওমিজল এর ব্যবহার অতি প্রয়োজনীয় হয় তাহলে স্তন্য দানে বিরত থাকতে হবে।

### ড্রাগ ইন্টারঅ্যাকশন
ওমিজল ব্যবহারের সময় ডায়াজিপাম, ফেনিটয়েন এবং ওয়ারফারিন এর নিঃসরণ বিলম্বিত হয়। যখন ওমিপ্রাজল চিকিৎসায় যুক্ত হয় তখন ওয়ারফারিন এবং ফেনিটয়েন-এর মাত্রা কমানোর প্রয়োজন হয়। থিউফাইলিন, প্রোপ্রানোলল অথবা এন্টাসিড-এর সাথে ওমিপ্রাজল-এর ইন্টারঅ্যাকশনের কোন প্রমাণ নেই।

### সংরক্ষণ
আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সে. তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।
শিশুদের নাগালের বাইরে রাখুন।

### সরবরাহ
ওমিজল ২০ ক্যাপসুল ঃ প্রতি বাক্সে আছে ১০ × ১০ টি ক্যাপসুল ব্লিষ্টার ষ্ট্রীপে।
ওমিজল ৪০ ক্যাপসুল ঃ প্রতি বাক্সে আছে ৪ × ১০ টি ক্যাপসুল ব্লিষ্টার ষ্ট্রীপে।

মেডিমেট

**প্রস্তুতকারক :**
**মেডিমেট** ফার্মাসিউটিক্যালস্ লিঃ
রূপাতলী, বরিশাল, বাংলাদেশ।

## Omezole

Omeprazole BP

### COMPOSITION
Omezole 20 Capsule: Each capsule contains Omeprazole BP 20 mg as enteric coated pellets.
Omezole 40 Capsule: Each capsule contains Omeprazole BP 40 mg as enteric coated pellets.

### INDICATIONS
Benign gastric and duodenal ulcers including those complicating NSAID therapy, erosive reflux oesophagitis and for disorders associated with hypersecretion of gastric acid, such as the Zollinger-Ellison syndrome.

### DOSAGE AND ADMINISTRATION

| Omezole dosing recommendations | | |
|---|---|---|
| Indication | Recommended dose | Frequency |
| NSAID- associated duodenal or gastric ulcer | 20 mg | Once daily 4 week |
| Gastro Esophageal reflux diesease | 20 mg | Once daily 4 week |
| Long term management of acid reflux | 40 mg | Once daily 4 week** |
| Gastric and duodenal ulcer | 40 mg | Once daily 4 week** |

### CONTRAINDICATION AND WARNING
There are no known contraindications to the use of Omezole. When gastric ulcer is suspected, the possibility of malignancy should be excluded before treatment with Omezole is instituted as treatment may alleviate symptoms and delay diagnosis.

### PRECAUTION
Symptomatic response to therapy with Omezole (omeprazole) does not preclude the presence of gastric malignancy.

### SIDE EFFECTS
Omezole is well tolerated. Nausea, diarrhoea, abdominal colic, paresthesia, dizziness and headache have been stated to be generally mild and transient and not requiring a reduction in dosage.

### USE IN PREGNANCY AND LACTATION
Avoid in pregnancy unless there is no safer alternative. Breast feeding should be discontinued if the use of Omezole is considered essential.

### DRUG INTERACTION
Omeprazole can delay the elimination of diazepam, phenytoin and warfarin. Reduction of warfarin or phenytoin dose may be necessary when omeprazole is added to treatment. There is no evidence of an interaction with theophylline, propranolol or antacids.

### STORAGE CONDITION
Store in a cool (below 30$^{0}$C temperature) and dry place protected from light. Keep out of the reach of children.

### HOW SUPPLIED
Omezole 20 Capsule : Box containing 10 x 10 capsules in blister strip.
Omezole 40 Capsule : Box containing 4 x 10 capsules in blister strip.

MEDIMET

**Manufactured by:**
***MEDIMET*** Pharmaceuticals Ltd.
Rupatali, Barishal, Bangladesh.